

সংবাদ সংক্ষেপ

ঘাটাইলে ব্রি-২৯ জাতের ধানের বাম্পার ফলন

ঘাটাইল উপজেলার দেউলাবাড়ী ইউনিয়নের পশ্চিম পোড়াবাড়ী গ্রামের সিসা প্রকল্পের আর্থিক সহায়তায় ব্রি-২৯ ধানের উৎপাদন অন্যান্য বছরের চেয়ে চলতি বছরে বাম্পার ফলন হয়েছে। ধানের বাম্পার ফলনে ওই ইউনিয়নের কৃষকদের মুখে হাসির ঝিলিক দেখা যায়। ধানের বাম্পার ফলনে উপজেলা কৃষি অফিসার নূরে আলম সিদ্দিকী জানান, এবার কৃষকরা ধানের চারা রোপণের পরে টিএসপি, পটাশ ও ইউরিয়া সঠিকভাবে প্রয়োগ করায় সেই সঙ্গে পোকামাকড় দমনে সঠিক পদক্ষেপ নেয়ায় গত বছরের চেয়ে এবার হেক্টরপ্রতি চালে উৎপাদন বেশি হয়েছে বলে জানান।

উত্তম আর্ষ্য
ঘাটাইল, টাঙ্গাইল



ব্রি ধান-২৯

মাঠে মাঠে ধান কাটার ধুম পড়ে গেছে। তবে সুষ্ঠুভাবে ধান ঘরে তোলা ও ন্যায্যমূল্য নিয়ে চিন্তিত হয়ে পড়ছেন কৃষক। একই সঙ্গে প্রাকৃতিক বৈরিতার আশঙ্কায় কৃষকের দুশ্চিন্তা বাড়ছে। কৃষকরা শ্রমিক নিয়োগ করে ক্ষেতের ধান কর্তন করে ঘরে তুলতে ব্যস্ত হয়ে উঠছেন। ক্ষেতের ধান কর্তন, বাড়ির আঙিনায় আনা, মাড়াই ও নবানের উৎসবে কৃষক পরিবারগুলো পুরোদস্তুর ব্যস্ত সময় পার করছেন

ma ten to, illio